# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৫০

২৭/ আদব

পরিচ্ছেদঃ সত্যবাদিতার গুরুত্ব

## আরবী

عَنْ أَبِي سُفْيَانَ صَخرِ بن حَرْبٍ فِيْ حَدِيْثِهِ الطَّوِيْلِ في قِصَّةِ هِرَقْلَ، قَالَ هِرَقْلُ : فَمَاذَا يَأمُرُكُمْ ـ يعني : النَّبيّ ﷺ قَالَ أبو سفيانَ : قُلْتُ : يقولُ اعْبُدُوا اللهَ وَحدَهُ لا تُشْرِكوُا بِهِ شَيئاً وَاتْرُكُوا مَا يَقُولُ آبَاؤُكُمْ ويَأْمُرُنَا بالصلاةِ وَالصِّدْقِ والعَفَافِ وَالصِّلَةِ مُتَّفَقٌ عَلَيهِ

## বাংলা

(৩৫৫০) আবূ সুফয়ান স্বাখর ইবনে হারব (রাঃ) ঐ দীর্ঘ হাদীস বর্ণনা করেন যাতে (রোমের বাদশাহ) হিরাক্লের ঘটনা বর্ণনা করা হয়েছে। হিরাক্ল আবূ সুফয়ানকে জিজ্ঞাসা করলেন (তখন তিনি ইসলাম ধর্ম গ্রহণ করেননি) ’তিনি—অর্থাৎ, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদেরকে কোন্ কাজের আদেশ করছেন?’ আবূ সুফয়ান বলেন, আমি বললাম, ’তিনি বলছেন যে, তোমরা মাত্র এক আল্লাহর উপাসনা কর, তাঁর সাথে কাউকে অংশীদার করো না এবং ঐসব কথা পরিহার কর, যা তোমাদের বাপ-দাদারা বলত (এবং করত)। আর তিনি আমাদেরকে নামায পড়া, সত্য কথা বলা, চারিত্রিক পবিত্রতা রক্ষা করা এবং আত্মীয়তার বন্ধন অটুট রাখার আদেশ দেন।’

## ফুটনোট

(বুখারী ৭, মুসলিম ৪৭০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67298

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন